ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক পবিত্র ঈদুল ফিতরের জামাত, ঈদ আনন্দ মিছিল, ও ঈদ মেলা আয়োজন উপলক্ষে সার্বিক বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ এজাজ, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ ।। ১৫ জানুয়ারি, ২০২৬ |
| সময় | : বেলা ১২.০০ ঘটিকা। |
| স্থান | : প্রশাসক মহোদয় এর সভাকক্ষ ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঈদের জামাত, ঈদ আনন্দ র‍্যালি এবং ঈদ মেলা আয়োজন বিষয়ে উপস্থিত সদস্যদের গঠনমূলক মতামত আহ্বান করেন। সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বিপুল সংখ্যক নগরবাসীর জন্য পবিত্র ঈদুল ফিতর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ধর্মীয় ও সামাজিক উৎসব। ঈদের আনন্দ সকল শ্রেণি-পেশার মানুষের মাঝে সুশৃঙ্খল, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ হতে গত বছরের ন্যায় এ বছরও বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের পশ্চিম পার্শ্বে অবস্থিত সাবেক বাণিজ্য মেলার মাঠে বৃহৎ পরিসরে পবিত্র ঈদুল ফিতরের ঈদ জামাত আয়োজন, ঈদ আনন্দ মিছিল, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সর্বসাধারণের জন্য ঈদ মেলার আয়োজনের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৩ তম বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সাবেক বাণিজ্য মেলার মাঠ স্থানটি নগরীর গুরুত্বপূর্ণ ও সুবিধাজনক এলাকায় অবস্থিত হওয়ায় গত বছরের ন্যায় এ বছরেও বিপুল সংখ্যক ধর্মপ্রাণ মুসল্লি ও নগরবাসীর অংশগ্রহণের সম্ভাবনা রয়েছে।

সভায় মোঘল আমলের ধাঁচে ঈদ র‍্যালি আয়োজনের বিষয়ে আলোচনা হয়, যাতে ঘোড়া, বাদ্যযন্ত্র, শিশু-কিশোরসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণ থাকবে। ঈদ জামাতের পর আনন্দ র‍্যালি বের করে তা মানিক মিয়া এভিনিউতে গিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানে রূপ নেওয়ার প্রস্তাব উঠে আসে। সকল শ্রেণির মানুষের জন্য বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র সংলগ্ন সাবেক বাণিজ্য মেলার মাঠে ঈদের দিন ও ঈদ পরবর্তী দুই দিন মোট ০৩(তিন) দিনব্যাপী ঈদ মেলা আয়োজনের বিষয়েও ইতিবাচক আলোচনা হয়। ঈদ জামাত ও র‍্যালি শেষে অংশগ্রহণকারীদের জন্য ঈদ মিষ্টান্ন, সেমাই ও বাতাসা পরিবেশনের বিষয়েও আলোচনা হয়।

সভায় ঈদ জামাত, র‍্যালী, মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা বিধান, মুসুল্লিদের অজু ও সুপেয় পানির ব্যবস্থা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, বিদ্যুৎ ব্যবস্থাপনা, র‍্যালী ও সাংস্কৃতিক অনুষ্ঠান, আপ্যায়ন, মাঠ লেভেলকরণ ও পানি ছিটানো, প্যান্ডেলের যাতায়াত পথ, কার্পেট বিছানো, ঈদ জামাতের ইমাম, অনুষ্ঠানের প্রচার ও আনুষঙ্গিক বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০১ | : | সভায় শের-ই-বাংলা নগরস্থ সাবেব বাণিজ্য মেলার মাঠে ঈদ জামাত আয়োজনের জন্য প্যান্ডেল, তোরণ ইত্যাদি নির্মাণ, সজ্জিতকরণ, মাঠ ও রাস্তার প্রয়োজনীয় সংস্কার, মহিলাদের জন্য পৃথক নামাজ, ওজু ও টয়লেটের ব্যবস্থা রাখা, পরিস্কার-পরিচ্ছন্নতা ও মশার ঔষুধ ছিটানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০২ | : | সভায় সাবেক বাণিজ্য মেলার মাঠে ঈদ জামাত শেষে বর্ণাঢ্য ঈদ আনন্দ শোভাযাত্রা, র‍্যালী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের সিদ্ধান্ত হয়। র‍্যালির রুট হবে বাণিজ্য মেলার পুরাতন মাঠ হতে মানিক মিয়া এভিনিউ হতে খেজুর বাগান হয়ে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা সংলগ্ন সম্মুখ পর্যন্ত। র‍্যালীতে সর্ব প্রথম পুলিশের ঘোড়া,তারপর ক্রমান্বয়ে ব্যান্ডপাটি,গরুর গাড়ী, ঘোড়ার গাড়ী, ব্যান্ডপাটি, জনগণের শোভাযাত্রা (জনগন/মুসল্লী), পাপেট থাকবে। এছাড়াও পুরো মিছিল জুড়ে ফেস্টুন, ব্যানার থাকবে। মিছিলে সনাতন ধর্মালম্বী বিশেষ করে তুরাগের রাজবংশী সম্প্রদায়ের ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৩ | : | সভায় ঈদের আনন্দ সকলের মাঝে ভাগাভাগি করার জন্য বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্র সংলগ্ন বানিজ্য মেলার মাঠে ঈদের দিন ও ঈদের পরবর্তী ০২ দিন মোট ০৩(তিন) দিন ব্যাপি ঈদ মেলা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল ৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৪ | : | ঈদুল ফিতরের জামাত আয়োজনের জন্য প্যান্ডেল স্থাপন, মহিলাদের জন্য পৃথক নামাজ, ওজু ও টয়লেটের ব্যবস্থা রাখা এবং প্রয়োজনীয় আনুষঙ্গিক সরঞ্জাম ও সেবা সরবরাহের লক্ষ্যে জরুরি ভিত্তিতে একটি উপযুক্ত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগ। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল ৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৫ | : | ঈদ আনন্দ র‍্যালির (মিছিল) রুট (পুরাতন বানিজ্য মেলা থেকে খেজুর বাগান হয়ে মানিক মিয়া এভিনিউ দিয়ে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা পর্যন্ত (প্রায় ২.২৫ কিলোমিটার) সড়কের উভয় পাশ সজ্জিত করতে হবে। ঈদ আনন্দ র‍্যালির (মিছিল) ভিজ্যুয়াল সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্যে ব্যানার, ফেস্টুন, ডেংলার ও রঙিন কাগজ ব্যবহার করে সাজসজ্জার জন্য একটি পৃথক ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান নিয়োগ করতে হবে। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৬ | : | মানিক মিয়া এভিনিউস্থ জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা সংলগ্ন এলাকায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, অতিথি আপ্যায়ন, মিষ্টি বিতরণ, ৩০(ত্রিশ)টি স্টল নির্মাণ (৩০টি টেবিল ও সামিয়ানাসহ), এবং শিল্পীদের সংগীত পরিবেশনের জন্য একটি উপযুক্ত মঞ্চ স্থাপনের জন্য পৃথক একটি ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান নিয়োগ করতে হবে। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৭ | : | ঈদ জামাত, আনন্দ র‍্যালি এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের জন্য ঈদ মিষ্টান্ন (যেমন: সেমাই-১০,০০০ (দশ হাজার) জনের পরিবেশ করা যায় সে পরিমাণ, বাতাসা-৩০,০০০ পিস, লাড্ডু ১০,০০০ পিস ইত্যাদি) পরিবেশনার জন্য আলাদা একটি ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান নিয়োগ করতে হবে। সেমাই, মিষ্টান্ন, লাড্ডু কাগজের ঠোঙ্গায় পরিবেশন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৮ | : | ধনী-গরিব নির্বিশেষে সকল নাগরিকের অংশগ্রহণে ঈদের আনন্দ ভাগাভাগি করার লক্ষ্যে প্রায় ১০০টি স্টলসহ ঈদের দিন এবং ঈদ পরবর্তী ২ (দুই) দিন মোট ০৩(তিন) দিনব্যাপী ঈদ মেলা আয়োজনের জন্য একটি পৃথক ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান নিয়োগ। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৯ | : | সাংস্কৃতিক অনুষ্ঠানে ব্যবহৃত বাদ্যযন্ত্র, গিটার ইত্যাদি পরিচালনার জন্য বিদ্যুৎ ব্যবহারের একটি নির্ভরযোগ্য লোড হিসাব প্রস্তুত করতে হবে। একইসঙ্গে প্রয়োজনীয় ইলেকট্রিক বোর্ড ও অন্যান্য সামগ্রী কী পরিমাণ লাগবে, তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা পক্ষের সঙ্গে সমন্বয় করে নিশ্চিত করতে হবে। |
| বাস্তবায়ন | : | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) , ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১০ | : | ঈদ জামাত, আনন্দ র‍্যালি ও ঈদ মেলার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণে নির্দিষ্ট সংখ্যক পুলিশ সদস্য মোতায়েন থাকবে। ঈদ জামাতের মাঠে কেউ যাতে অস্ত্র, গোলাবারুদ বা দাহ্য পদার্থ নিয়ে প্রবেশ করতে না পারে, সে জন্য ৫টি আর্চওয়ে স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে।<br><br>সকালে ঈদ জামাত স্থলে পর্যাপ্ত সংখ্যক পুলিশ সদস্য মোতায়েন থাকবে এবং সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় সাংস্কৃতিক অনুষ্ঠানস্থলে অল্প সংখ্যক পুলিশ প্রাথমিকভাবে অবস্থান করবেন। ঈদ জামাত শেষে র‍্যালির সঙ্গে সঙ্গে নিরাপত্তাব্যবস্থা জোরদার করতে অতিরিক্ত পুলিশ দক্ষিণ প্লাজায় যোগ দেবেন। এ বিষয়ে পত্র দিতে হবে। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১১ | : | ঈদ জামাত, র‍্যালী ও মেলায় আগত জনসাধারণের গাড়ী পার্কিং ব্যবস্থাসহ রাস্তায় যানজট নিরসনের জন্য ট্রাফিক বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে পত্র দিতে হবে। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১২ | : | ঈদ জামাত, র‍্যালী, মেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে স্কাউট-৩০ জন/স্বেচ্ছাসেবী-৫০ জন/গালস্ গাইড-২০ জন সার্বিক সহযোগীতা করবেন। আলোচ্য অনুষ্ঠানে সহযোগীতার জন্য ৩০ জন স্কাউট,২০ জন স্বেচ্ছাসেবী এবং ২০ জন গালস্ গাইড প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত স্কাউট/স্বেচ্ছাসেবী/গালস্ গাইডগণ ডিএনসিসির নিরাপত্তা কর্মকর্তা, জনাব জিয়াউল হক ভূঞার (মোবাইল নং-০১৭১১২২৬৭৫৮) নিকট রির্পোট করবেন । |

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | জনাব জিয়াউল হক ভূঞা (মোবাইল নং-০১৭১১২২৬৭৫৮), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br><br>ও এ সংশ্লেষে অন্যান্য সকল পক্ষ সমন্বয় করবেন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৩ | : | পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঈদ জামাত, ঈদ মিছিল, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ঈদ মেলা আয়োজনের মাঠ ব্যবহারের অনুমতি প্রদানে নিমিত্ত পত্র প্রেরণ, প্রয়োজনীয় পানি সরবরাহের জন্য পত্র প্রেরণ, নামাজের ইমামতির জন্য একজন ইমাম ও একজন অপেক্ষমান ইমাম চেয়ে পত্র প্রেরণ; এছাড়াও এ সংশ্লেষে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৪ | : | পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঈদ জামাত, ঈদ মিছিল, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ঈদ মেলা আয়োজনের নিমিত্ত ০৪ (চার) কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৫ | : | পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঈদ জামাত, ঈদ মিছিল, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ঈদ মেলা আয়োজনের বিষয়ে নগরের সর্বস্তরের জনসাধারণের অবগতির জন্য সামাজিক যোগাযোগমাধ্যম, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ অন্যান্য মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে। |
| বাস্তবায়ন | : | জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৬ | : | ঈদের জামাত, ঈদ আনন্দ মিছিল, ঈদ মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সার্বিক তদারকির জন্য নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়: |

| | | |
|---|---|---|
| ১ | প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | উপদেষ্টা |
| ২ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | আহ্বায়ক |
| ৩ | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৪ | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৫ | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৬ | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি | সদস্য |
| ৭ | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি | সদস্য |
| ৮ | নির্বাহী প্রকৌশলী,অঞ্চল-০৫ | সদস্য |
| ৯ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, ডিএনসিসি | সদস্য সচিব |

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ এজাজ
প্রশাসক
ও
সভাপতি
ঈদ উৎসব প্রস্তুতিমূলক সভা-২০২৬
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.৩৯৬.২৪- ৭৪

তারিখ:--19/11/26--২০২৬

বিতরণ কার্যার্থে:

................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. সচিব,গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৪. পুলিশ কমিশনার ,ঢাকা মেট্রোপলিটন পুলিশ।
৫. মহাপরিচালক, ইসলামী ফাউন্ডেশন, ঢাকা।
৬. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. অফিস কপি।